গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব সত্যজিত কর্মকার সচিব, পরিকল্পনা বিভাগ
তারিখ	:	১৯ জুন ২০২৩
সময়	:	সকাল: ১১.০০ ঘটিকা
স্থান	:	এনইসি কমিটি কক্ষ-১, পরিকল্পনা বিভাগ
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (এপিএ) জানান, ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ১৫টি কার্যক্রমের বিপরীতে ১৫টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তিনি প্রতিটি সূচকের অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

২.০০ আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

কার্যক্রম	আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	৩য় সভা ২৯/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতি শুদ্ধাচার সংশ্লিষ্ট সকলকে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে উদ্যোগী হওয়ার আহবান জানান।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন	এ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।	যথাসময়ে অর্জনের ধারা অব্যাহত রাখতে হবে।	কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণসমূহের প্রমাণক সংরক্ষণ করার ওপর গুরুত্বারোপ করা হয়।	শুদ্ধাচার সংক্রান্ত প্রদত্ত ১৯২ জন প্রশিক্ষণার্থীর প্রমাণক সংরক্ষণ করতে হবে।	প্রশিক্ষণ শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন: বিনষ্টকৃত পুরাতন নথির সংখ্যা	বিনষ্টযোগ্য নথিসমূহ সময়মত বিনষ্ট করার জন্য সভায় আহবান জানানো হয়।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	সকল শাখা/ অধিশাখা
১.৬ বিআইডিএস কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	এ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা ও বিআইডিএস

আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:

কর্মসম্পাদন সূচক	আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	৩১ জুলাই ২০২২ ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	বাজেট ব্যয়কারী সকল শাখা/অধিশাখা ও সকল প্রকল্প পরিচালক
২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট)	জুন/২০২৩ মাস পর্যন্ত রাজস্ব বাজেটের বাস্তবায়ন অগগতি ৬০.৩৮ %। জুন/২০২৩ মাস পর্যন্ত পর্যন্ত উন্নয়ন বাজেটের বাস্তবায়ন অগগতি ৬৩.৬০%।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	সাধারণ-১ ও ২; এসএসআরসি; পরিকল্পনা শাখা এবং সকল প্রকল্প পরিচালক
২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	জুন/২০২৩ মাস পর্যন্ত পর্যন্ত উন্নয়ন বাজেটের বাস্তবায়ন অগগতি ৬৩.৬০%।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	পরিকল্পনা শাখা ও সকল প্রকল্প পরিচালক
২.৪ প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা আয়োজন	জুন/২০২৩ মাস পর্যন্ত ৪৯টি পিএসসি এবং ৫১টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	পরিকল্পনা শাখা ও সকল প্রকল্প পরিচালক
২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	এ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।	যথাসময়ে অর্জনের ধারা অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা শাখা ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক

শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম:

কর্মসম্পাদন সূচক	আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	জুন/২০২৩ মাস পর্যন্ত ৩৩ জন কর্মকর্তার নিকট হতে প্রত্যয়ন পাওয়া গেছে।	নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রত্যয়ন প্রেরণ করতে হবে।	প্রটোকল অধিশাখা ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
৩.২ সরকারি অর্থ সাশ্রয়ের লক্ষ্যে দপ্তরের অকেজো মালামাল রিসাইক্লিং এর মাধ্যমে পুনর্ব্যবহারকরণ	সভাপতি অকেজো মালামালের তালিকা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেন এবং সে অনুযায়ী ব্যবস্থা নিতে বলেন।	২০ জুন/২০২৩ তারিখে অকেজো মালামাল পুনর্ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	সাধারণ শাখা-১/২
৩.৩ পরিকল্পনা কমিশনের বিভিন্ন ভবনের দেওয়ালে জন্মানো গাছ/আগাছা অপসারণ	পরিকল্পনা কমিশনের বিভিন্ন ভবনের দেওয়ালে জন্মানো গাছ/আগাছা নিয়মিত অপসারণ করার বিষয়ে অনুরোধ জানানো হয়।	বিভিন্ন ভবনের দেওয়ালে জন্মানো গাছ/আগাছা অপসারণ করা হয়েছে এবং এটি চলমান থাকবে।	সাধারণ শাখা-১ ও গণপূর্ত বিভাগ
৩.৪ পরিকল্পনা কমিশনের ২০টি ভবনের ছাদে স্থাপিত ২০টি সোলার প্যানেলের কার্যকর ব্যবহার নিশ্চিত	সভাপতি সোলার প্যানেলগুলো কার্যকরের বিষয়ে পিডব্লিউডি'র প্রতিনিধি-কে তদারকি অব্যাহত রাখার অনুরোধ জানান।	সোলার প্যানেলগুলো কার্যকর রাখার বিষয়ে তদারকি অব্যাহত রয়েছে যা চলমান থাকবে।	সাধারণ শাখা-১ ও গণপূর্ত বিভাগ

৩.০০ শুদ্ধাচার কর্মপরিকল্পনা আওতা বহির্ভূত কার্যক্রম:

পরিকল্পনা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত হাজিরা নিশ্চিতকরণের লক্ষ্যে ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে।

৪.০০ পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১২/০৭/২০২৩
(সত্যজিত কর্মকার)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩২৮.৩৯.০০৪.২২.২৪৮

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০
১২ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালায়, ঢাকা;
২. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা;
৪. যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৬. উপসচিব (এপিএ/এসএসআরসি/প্রশিক্ষণ/পরিকল্পনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৭. সিনিয়র সহকারী সচিব, সাধারণ-১ ও ২, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৮. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৯. উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শের-ই-বাংলা নগর, ঢাকা;
১০. উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. যুগ্মসচিব (এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৪. সংশ্লিষ্ট নথি।

(মো: লোকমান আহমেদ) ১২/০৭
উপসচিব (বাজেট ও এপিএ)
ফোন: ৪৮১১৭১০৭
ds.budget@plandiv.gov.bd